

যায়যায়দিন  
যায়যায়দিন

সালি... 4 AUG 2013 ...  
গুটা... কলাম...

## সিলেট শিক্ষা বোর্ড এবারো দেশের সেরা

সিলেট অফিস

সিলেট শিক্ষা বোর্ড এইচএমসি পরীক্ষায় এবারো দেশের সেরা সাফল্য দেখিয়েছে। তবে ২০১২ সালের নভো এবারো দেশের সর্বকৃৎক্ষমতী শিক্ষা বোর্ড নামে শীর্ষে অবস্থানকারী এই বোর্ডে গড়বানের চেয়ে এবার পাসের হার ৫০ জিপিএ-৫ প্রাপ্তিতে কিছুটা ভাটা পড়েছে। এবার সিলেট শিক্ষা বোর্ডে পাসের হার ৭৯.১৩ শতাংশ, যা দেশের গড় পাসের হারের চেয়ে ৫.১ শতাংশ বেশি। ২০১২ সালে পাসের হার ছিল ৮৫.৩৭। এবার জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৫৩৫ জন। গড়বছর এই সংখ্যা ছিল ২ হাজার ৬৫। এবারো সিলেট ক্যাডেট কলেজ সেরা হয়েছে। এই প্রতিষ্ঠান থেকে ৪৩ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছে।

শনিবার দুপুরে সিলেট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আবদুল মান্নান খান আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন। সিলেট বোর্ডে এবার ৪২ হাজার ৯৮০ পরীক্ষার্থীর মধ্যে ৩৪ হাজার ৯ জন পাস করেছে। এর মধ্যে ১ হাজার ৫৩৫ জন জিপিএ-৫ পেয়েছে। তবে সারাদেশে শীর্ষস্থান ধরে রাখলেও এবার ৫৩০টি জিপিএ-৫ কমেছে। বিজ্ঞান বিভাগে ৬ হাজার ৮২ পরীক্ষার্থীর মধ্যে ৪ হাজার ৬৩৯ জন পাস করেছে। পাসের হার ৭৬.২৭ শতাংশ। এই বিভাগে ৯০৩ জন জিপিএ-৫ পেয়েছে। মানবিক বিভাগে ২৭ হাজার ৯৮১ পরীক্ষার্থীর মধ্যে ২১ হাজার ৫৩৭ জন পাস করেছে। পাসের হার ৭৬.৯৭ শতাংশ। এই বিভাগে ২৪৪ জন জিপিএ-৫ পেয়েছে। বাণিজ্য বিভাগে ৮ হাজার ৯১৭ পরীক্ষার্থীর মধ্যে ৭ হাজার ৮৩০ জন পাস করেছে। পাসের হার ৮৭.৮৪ শতাংশ। এই বিভাগে ৩৮৮ জন জিপিএ-৫ পেয়েছে। সিলেট বোর্ডে এবারো সেরা হয়েছে সিলেট ক্যাডেট কলেজ। এই প্রতিষ্ঠান থেকে ৪৩ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছে। জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ দ্বিতীয় হয়েছে। এমসি কলেজ তৃতীয় স্থান লাভ করেছে। ফল ঘোষণাকালে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আবদুল মান্নান খান বোর্ডের অর্জিত ফলাফলে সন্তোষ প্রকাশ করে জানান, পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা এবার কিছুটা কমেও সার্বিকভাবে দেশসেরা হতে পারায় তারা আনন্দিত। আগামীতেও এই পারা অব্যাহত থাকবে।